

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি কলেজ-৬ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৮.০০১.১৯.১৭৪

তারিখ: ৯ পৌষ ১৪২৭

২৪ ডিসেম্বর ২০২০

বিষয়: গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন 'গোবিন্দগঞ্জ মহিলা ডিগ্রি কলেজ' সরকারিকরণের বিষয়ে মতামত প্রেরণ।

সূত্র: ০১। প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক নম্বর- ০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৩ (অংশ-২).২০১৯-৫৭৫, তারিখ: ২৩/১২/২০১৯ খ্রি.

০২। জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর স্মারক নম্বর- ০২২.৩২০০.০৫৫.০৫.৩৭.০০৪১.৭-৯৩৪, তারিখ: ০৪/০৬/২০২০ খ্রি.


০৩। জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর স্মারক নম্বর- ০৫.৫৫.৩২০০.০২২.৩৭.০০৪.১৭-১৫১৭, তারিখ: ০৩/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও ১ নম্বর সূত্রের পরিপ্রেক্ষিতে গাইবান্ধা জেলার 'গোবিন্দগঞ্জ মহিলা ডিগ্রি কলেজ' সরকারিকরণের বিষয়ে মতামত চাওয়া হলে ২-৩ নম্বর সূত্রোক্ত স্মারকে জেলা প্রশাসক, গাইবান্ধা মতামত প্রদান করেন। মতামতে তিনি উল্লেখ করেন যে, গোবিন্দগঞ্জ উপজেলা সদরে অবস্থিত 'গোবিন্দগঞ্জ মহিলা ডিগ্রি কলেজ' প্রতিষ্ঠালগ্ন থেকে নারী শিক্ষার মানোন্নয়নে অত্যন্ত সুনামের সাথে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বৃহৎ আয়তনের গোবিন্দগঞ্জ উপজেলার নারী শিক্ষার প্রসার, ক্ষমতায়ন ও বাল্যবিবাহ রোধকল্পে কলেজটি সরকারিকরণ করা হলে উপজেলার বৃহৎ জনগোষ্ঠী উপকৃত হবে। উপজেলা কার্যালয় হতে কলেজটি প্রায় ১.০০ কি. মি. উত্তর দিকে ঢাকা-রংপুর মহাসড়কের পাশে অবস্থিত। কলেজটি নিজস্ব ২.৪০ একর জমির উপর প্রাচীর দ্বারা পরিবেষ্টিত। এ প্রতিষ্ঠানটির মোট ০৩টি ভবনের মধ্যে ০১টি তিন তলা ও ০২টি দুই তলা। অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও শিক্ষকদের জন্য আলাদা কক্ষ রয়েছে। প্রতিষ্ঠানটিতে উচ্চমাধ্যমিক এবং স্নাতক (পাস) শ্রেণিতে প্রায় ১,৫০০ (এক হাজার পাঁচশত) জন শিক্ষার্থী অধ্যয়নরত। অনুমোদিত সেট-আপ অনুযায়ী প্রশিক্ষিত শিক্ষক সংখ্যা- ৫৭ জন, ৩য় শ্রেণির কর্মচারী-০৩ জন ও চতুর্থ শ্রেণির ১০ জন কর্মচারী কর্মরত রয়েছেন। গাইবান্ধা জেলায় মোট সরকারি কলেজের সংখ্যা ০৮টি এবং বেসরকারি কলেজের সংখ্যা ৫০টি। তন্মধ্যে, গোবিন্দগঞ্জ উপজেলায় একটি সরকারি কলেজ ও ১০টি বেসরকারি কলেজ অবস্থিত।

০২। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যেক উপজেলায় একটি কলেজ সরকারিকরণের ১৫/১০/২০১৫ খ্রিষ্টাব্দের ঘোষণা অনুযায়ী গোবিন্দগঞ্জ উপজেলায় 'গোবিন্দগঞ্জ সরকারি কলেজ' নামে একটি সরকারি কলেজ রয়েছে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত তথ্যসহ জেলা প্রশাসক, গাইবান্ধা হতে প্রাপ্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট দলিলাদি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



২৯-৮-২০২১

খালেদা আখতার

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (দৃষ্টি আকর্ষণ: জনাব ফিজনুর  
রহমান, পরিচালক-৭, প্রধানমন্ত্রীর কার্যালয়)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৮৮.০০১.১৯.১৭৪/১(৭)

তারিখ: ৯ পৌষ ১৪২৭  
২৪ ডিসেম্বর ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, কলেজ-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অধ্যক্ষ, গোবিন্দগঞ্জ মহিলা ডিগ্রী কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৯-৮-২০২১

খালেদা আখতার

উপসচিব